



জেলা-উপজেলায় ডায়ালাইসিস সেন্টার চালুর উদ্যোগ: স্বাস্থ্যমন্ত্রী



স্বাস্থ্যমন্ত্রী শাখাওয়াত হোসেন। ছবি: সংগৃহীত

দেশের সব জেলা হাসপাতালে ১০ শয্যার কিডনি ডায়ালাইসিস কেন্দ্র স্থাপনের উদ্যোগ নিয়েছে সরকার। পর্যায়ক্রমে উপজেলা পর্যায়েও এ সেবা চালুর পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন।

বুধবার রাজবাড়ী জেলা সদর হাসপাতাল পরিদর্শনের সময় তিনি এ তথ্য জানান। এ সময় হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড, রান্নাঘর ও সেবার সার্বিক পরিস্থিতি ঘুরে দেখেন তিনি। স্বাস্থ্যমন্ত্রী বলেন, ডায়ালাইসিস সেন্টার স্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম এগিয়ে চলছে এবং এ সংক্রান্ত দরপত্র প্রক্রিয়াও শেষ হয়েছে। বাস্তবায়ন হলে কিডনি রোগীরা নিজ জেলার কাছাকাছি কম খরচে চিকিৎসাসেবা নিতে পারবেন।

তিনি আরও জানান, হাসপাতালগুলোর অবকাঠামোগত উন্নয়নেও গুরুত্ব দেওয়া হচ্ছে। ড্রেনেজ ব্যবস্থা উন্নয়ন, মর্গে হিমাগার স্থাপন এবং সেবার মান বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

চিকিৎসক সংকটের বিষয়ে মন্ত্রী বলেন, দীর্ঘদিনের জনবল ঘাটতি কাটাতে বিশেষ বিসিএসের মাধ্যমে নতুন চিকিৎসক নিয়োগের উদ্যোগ নেওয়া হয়েছে। পাশাপাশি চিকিৎসকদের প্রশিক্ষণ কার্যক্রমও আরও জোরদার করা হবে।

তিনি বলেন, মানুষের দোরগোড়ায় মানসম্মত স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে সরকার কাজ করছে, যাতে চিকিৎসার জন্য দূরে যেতে না হয় এবং স্বল্প ব্যয়ে প্রয়োজনীয় সেবা পাওয়া যায়।